

সুইটহোমসেন্ট্রালস্কুলডিস্ট্রিক

মনোযোগ-বিদ্যুতি- মুক্তবিদ্যালয়প্রাপ্ত

প্রত্যাশিতআচরণওপ্রায়জিজ্ঞাসিতপ্রশ্নাবলি



sweethomeschools.org



২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সুইট হোম বিদ্যালয়ের প্রাপ্ত মনোযোগ-বিচ্যুতি মুক্ত সংক্রান্ত

প্রত্যাশাসমূহ

(সেল ফোন ও মোবাইল ডিভাইস ব্যবহারের নীতিমালা/পরিকল্পনা)

সুইট হোম বিদ্যালয় কেন মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়ন করছে?	২০২৫ সালের মে মাসে নিউ ইয়র্ক অঙ্গরাজ্য শিক্ষা আইন ২৮০৩(২) গৃহীত করেছে, যার মাধ্যমে শিক্ষার্থীদের ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহারে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ধারা ২৮০৩(২) অনুযায়ী: এই অধ্যায়ের ধারা ২৮৫৪-এর উপবিভাগ একের অনুচ্ছেদ (খ)-এর বিধান সত্ত্বেও, প্রতিটি স্কুল জেলা, চার্টার স্কুল এবং সমবায় শিক্ষাসেবা বোর্ডকে একটি লিখিত নীতি গ্রহণ করতে হবে, যেখানে বিদ্যালয় প্রাপ্তির যেকোনো স্থানে বিদ্যালয়ের কার্যদিবস চলাকালীন শিক্ষার্থীদের ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করা হবে। এই নীতি গ্রহণের পূর্বে, প্রতিটি স্কুল জেলা, চার্টার স্কুল এবং সমবায় শিক্ষাসেবা বোর্ডকে স্থানীয় অংশীজনদের সঙ্গে পরামর্শ করতে হবে, যার মধ্যে (তবে এতেই সীমাবদ্ধ নয়) প্রতিটি দরকষাকষির এককের প্রতিনিধিত্বকারী কর্মচারী সংগঠন, অভিভাবক/অভিভাবিকা এবং শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত থাকবে। শিক্ষার্থীদের ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহারে সম্পূর্ণ বিদ্যালয় কার্যদিবস জুড়ে নিষেধাজ্ঞা থাকবে। এই আইন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে কার্যকর হবে। শুধুমাত্র নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহারের জন্য কোনো শিক্ষার্থীকে বিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা যাবে না।
মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় ও ইন্টারনেট-সক্ষম ডিভাইসের সংজ্ঞা।	ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ডিভাইস -- ইন্টারনেট-সক্ষম যন্ত্র এবং সংশ্লিষ্ট হেডফোন/হেডসেট (ক্লটুথ-সক্ষম আনুষঙ্গিক যন্ত্র) অন্তর্ভুক্ত। ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ডিভাইস বলতে বোঝানো হয়, তবে এতেই সীমাবদ্ধ নয়: স্মার্টফোন, ট্যাবলেট, স্মার্টওয়াচ, ল্যাপটপ, গেমিং কনসোল, ফিটবিট, গুগল গ্লাস, ভার্সুয়াল রিয়েলিটি (VR) হেডসেট, এমপিথ্রি প্লেয়ার, আইপড এবং আইপ্যাড।

	এর মধ্যে অন্তর্ভুক্ত নয়: • ইন্টারনেট-সংযুক্ত হতে অক্ষম সাধারণ ডিভাইস • বিদ্যালয় কর্তৃক শিক্ষার্থীদের শেখার উদ্দেশ্যে প্রদত্ত যন্ত্রপাতি। • যেসব পরিস্থিতি অব্যাহতির অন্তর্ভুক্ত, সেগুলোর বিস্তারিত জানতে অনুগ্রহ করে অব্যাহতি বিভাগটি দেখুন।
মনোযোগ-বিচ্ছৃতি-মুক্ত বিদ্যালয় নির্দেশনার সময় ও স্থান।	বিদ্যালয় কার্যদিবস -- সম্পূর্ণ বিদ্যালয় দিনকে বোঝায়, যার মধ্যে পাঠদানের সময়সহ হোমরুম, মধ্যাহ্নভোজ, বিশ্রামকাল, অধ্যয়নকাল, এবং এক ক্লাস থেকে অন্য ক্লাসে যাওয়ার মধ্যবর্তী সময়ও অন্তর্ভুক্ত। বিদ্যালয় প্রাঙ্গণ – বিদ্যালয়ের সম্পত্তির আওতাভুক্ত যেকোনো স্থানকে বোঝায়, যার মধ্যে ভবন, খেলার মাঠ, ক্রীড়াক্ষেত্র এবং বিদ্যালয়ের সীমানার মধ্যে অবস্থিত সকল জমি অন্তর্ভুক্ত।
মনোযোগ-বিচ্ছৃতি-মুক্ত বিদ্যালয় সময়ে ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহার নিয়ে আমাদের প্রত্যাশাগুলো কী?	দিনের শুরুতে শিক্ষার্থীরা বিদ্যালয়ে প্রবেশ করার মুহূর্ত থেকে দিন শেষে বিদ্যালয় ত্যাগ করা পর্যন্ত: আমাদের সুপারিশ হলো, শিক্ষার্থীরা সম্ভব হলে তাদের ডিভাইস বাসায় রেখে আসবে। • প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য (UPK থেকে ৫ম গ্রেডি পর্যন্ত) ডিভাইস অবশ্যই সম্পূর্ণভাবে বন্ধ করে হলওয়ের নির্ধারিত কিউবি বা কোট হুক-এ সংরক্ষণ করতে হবে। • মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য (৬ষ্ঠ থেকে ১২শ গ্রেডি পর্যন্ত) ডিভাইস অবশ্যই সম্পূর্ণভাবে বন্ধ করে লকারে সংরক্ষণ করতে হবে।
বিদ্যালয় কার্যদিবসে শিক্ষার্থী ও তাদের পরিবার কীভাবে যোগাযোগ করবে?	প্রাথমিক পর্যায়ে বিদ্যালয় ১-২টি এবং মাধ্যমিক পর্যায়ে ২-৩টি নির্ধারিত স্থান চিহ্নিত করবে, যেখানে শিক্ষার্থীরা বিদ্যালয়ের ফোন ব্যবহার করে অভিভাবকের সঙ্গে যোগাযোগ করতে পারবে। শিক্ষকের বিবেচনায় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ফোন ব্যবহার করে অভিভাবক/অভিভাবিকার সঙ্গে যোগাযোগ করার অনুমতি পেতে পারে। সীমিত ব্যবহারের জন্য, অভিভাবক/অভিভাবিকাগণ প্রতিটি বিদ্যালয়ের উপস্থিতি অফিসে ইমেইলের মাধ্যমে

	শিক্ষার্থীদের জন্য বার্তা পাঠাতে পারবেন। (প্রতিটি বিদ্যালয় এই বিকল্প ব্যবহারের প্রক্রিয়া সম্পর্কে পৃথকভাবে অবহিত করবে)। গ্লেনডেইল প্রাথমিক বিদ্যালয়: glendaleattendance@sweethomeschools.org হেরিটেজ হাইটস প্রাথমিক বিদ্যালয়: heritageattendance@sweethomeschools.org ম্যাপলমিয়ার প্রাথমিক বিদ্যালয়: maplemereattendance@sweethomeschools.org উইলো রিজ প্রাথমিক বিদ্যালয়: willowridgeattendance@sweethomeschools.org মাধ্যমিক বিদ্যালয়: msattendance@sweethomeschools.org হাই স্কুল: hsattendance@sweethomeschools.org রেডি অ্যাকাডেমি: ReadyAttendance@sweethomeschools.org
মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় সময়কালে ইন্টারনেট-সক্ষম ডিভাইসের ক্ষেত্রে কোন কোন অব্যাহতি প্রযোজ্য?	নিম্নোক্ত পরিস্থিতিতে শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহার করতে পারবে। ● স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজন — ব্যক্তিগত স্বাস্থ্য পরিকল্পনা অনুযায়ী স্বাস্থ্য পরিস্থিতি পর্যবেক্ষণ বা চিকিৎসাগত উদ্দেশ্যে (যেমন: ডায়াবেটিস পর্যবেক্ষণ) ডিভাইস ব্যবহারের প্রয়োজন হলে তা অনুমোদিত হবে — এ ক্ষেত্রে চিকিৎসকের সনদ আবশ্যিক। ● আইনগত বাধ্যবাধকতা — যদি কোনো ডিভাইস ব্যবহারের নির্দেশনা আইন দ্বারা নির্ধারিত হয়, তবে তার ব্যবহার অনুমোদিত হবে — এ ক্ষেত্রে যথাযথ আইনগত প্রমাণপত্র আবশ্যিক। ● IEP/৫০৪ পরিকল্পনা — যদি কোনো শিক্ষার্থীর ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (IEP) বা ৫০৪ পরিকল্পনায় ডিভাইস ব্যবহারের উল্লেখ থাকে, তাহলে সেটি অনুমোদিত হবে — এ ক্ষেত্রে বিশেষ শিক্ষা কমিটি (CSE) অথবা ৫০৪ প্রক্রিয়ার মাধ্যমে মূল্যায়ন আবশ্যিক। ● যেসব শিক্ষার্থী পরিবারে যত্নকারীর (কেয়ারগিভার) ভূমিকা পালন করে — তারা অব্যাহতির শর্তে যত্নকারীর (কেয়ারগিভার) মর্যাদা পেতে পারে, যা বিদ্যালয়ের মনোবিজ্ঞানী, সামাজিক কর্মী অথবা কাউন্সেলরের মাধ্যমে নির্ধারিত হবে। যত্নকারীর দায়িত্ব পালনের উপযুক্ত প্রমাণ সংশ্লিষ্ট মনোবিজ্ঞানী, সামাজিক কর্মী বা কাউন্সেলরের কাছে জমা দিতে হবে এবং প্রধান শিক্ষকের অনুমোদন প্রাপ্ত হতে হবে। ● অব্যাহতির তথ্য ৫০৪ পরিকল্পনা, IEP, আইনগত নথিপত্র, চিকিৎসা রেকর্ড অথবা যত্নকারীর মর্যাদাসংক্রান্ত তথ্যের মধ্যে নথিভুক্ত করা হবে; এ তথ্য পাওয়ারস্কুল বিজ্ঞপ্তিতে একটি নির্দেশক চিহ্ন (flag) হিসেবে অন্তর্ভুক্ত থাকবে।

মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্তগের নির্দেশিকা অনুসরণ না করলে কী পরিণতি হতে পারে?	প্রথমবার নীতিমালা লঙ্ঘনের ক্ষেত্রে: ডিভাইস জব্দ করা হবে, অভিভাবক/অভিভাবিকাকে জানানো হবে, সতর্কবার্তা প্রদান করা হবে, এবং দিন শেষে ডিভাইস শিক্ষার্থীর কাছে ফেরত দেওয়া হবে। দ্বিতীয়বার নীতিমালা লঙ্ঘনের ক্ষেত্রে: ডিভাইস জব্দ করা হবে, অভিভাবক/অভিভাবিকাকে জানানো হবে, সতর্কবার্তা প্রদান করা হবে, এবং দিন শেষে ডিভাইস অভিভাবক/অভিভাবিকার নিকট ফেরত দেওয়া হবে। তৃতীয়বার নীতিমালা লঙ্ঘনের ক্ষেত্রে: ডিভাইস জব্দ করা হবে, অভিভাবক/অভিভাবিকাকে জানানো হবে, এবং শিক্ষার্থীকে পরবর্তী ৫ কার্যদিবস বিদ্যালয়ে প্রবেশের সময় ডিভাইস জমা দিতে হবে; প্রতিদিনের শেষে ডিভাইস শিক্ষার্থীর কাছে ফেরত দেওয়া হবে। তৃতীয়বারের পর পুনরায় নীতিমালা লঙ্ঘনের ক্ষেত্রে: ডিভাইস জব্দ করা হবে, অভিভাবক/অভিভাবিকাকে জানানো হবে, এবং শিক্ষার্থীকে পরবর্তী ৫ কার্যদিবস বিদ্যালয়ে প্রবেশের সময় ডিভাইস জমা দিতে হবে; প্রতিদিনের শেষে ডিভাইস অভিভাবক/অভিভাবিকার নিকট হস্তান্তর করা হবে। নির্দেশনা মেনে চলতে অস্বীকৃতি জানালে: আচরণের মাত্রা অনুযায়ী শিক্ষার্থীকে বিদ্যালয়ের অভ্যন্তরীণ বা বহিঃস্থ বহিষ্কার প্রদান করা হবে। যদি শিক্ষার্থী বারবার নির্দেশনা মানতে অস্বীকার করে, তাহলে তাকে বিদ্যালয় শিক্ষাবর্ষের বাকি সময়জুড়ে প্রতিদিন বিদ্যালয়ে প্রবেশের সময় ডিভাইস জমা দিতে হবে এবং পাশাপাশি অভ্যন্তরীণ বা বহিঃস্থ বহিষ্কারের শাস্তির সম্মুখীন হতে হবে।
প্রতিটি বিদ্যালয় প্রাপ্তগ কোন কোন বিষয় পরিচালনা করবে?	মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্তগের পূর্ণাঙ্গ পরিকল্পনা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শুরু থেকে বাস্তবায়ন করতে হবে। এ পরিকল্পনা বাস্তবায়ন ও নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গড়ে তোলার দায়িত্ব বিদ্যালয় প্রশাসনের উপর ন্যস্ত থাকবে: প্রাথমিক পর্যায়ে ১-২টি এবং মাধ্যমিক পর্যায়ে ২-৩টি নির্ধারিত স্থান চিহ্নিত ও ব্যবহারের ব্যবস্থা করতে হবে, যেখানে শিক্ষার্থীরা সীমিত পরিসরে বিদ্যালয়ের ফোন ব্যবহার করে অভিভাবক/অভিভাবিকার সঙ্গে যোগাযোগ করতে পারবে। পাশাপাশি, অভিভাবক/অভিভাবিকার পক্ষ থেকে বিদ্যালয়ের উপস্থিতি সংক্রান্ত ইমেইল ঠিকানায় বার্তা পাঠানোর প্রক্রিয়াও প্রতিষ্ঠিত করতে হবে। প্রধান শিক্ষকগণকে এই পরিকল্পনা

	শিক্ষাবর্ষ শুরুর পূর্বে শিক্ষার্থী, অভিভাবক এবং কর্মীদের মধ্যে সুস্পষ্টভাবে জানিয়ে দিতে হবে। - যখন কোনো শিক্ষার্থী মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্ত নীতিমালা লঙ্ঘন করে, তখন কর্মীদের অনুসরণযোগ্য একটি সুস্পষ্ট প্রক্রিয়া নির্ধারণ করতে হবে। এই প্রক্রিয়াটি শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই সকল কর্মীদের জন্য সহজলভ্য করে প্রদান করতে হবে। - বিদ্যালয় সম্প্রদায়ের মধ্যে নীতিমালার প্রয়োগে ধারাবাহিকতা বজায় রাখার উদ্দেশ্যে, একটি পরিকল্পনা প্রণয়ন করতে হবে যার মাধ্যমে নীতিমালা লঙ্ঘনকারী শিক্ষার্থীদের তালিকা এবং তাদের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক পদক্ষেপের স্তরসমূহ সংশ্লিষ্টদের জানানো হবে।
সুইট হোম-এর জন্য খরচ কী হবে?	মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের সহায়তায় নিউ ইয়র্ক রাজ্য কর্তৃক সুইট হোম বিদ্যালয় জেলা প্রায় ১৩,০০০ ডলার অর্থ ফেরত পাবে। পাঠদান ও মূল্যায়ন কার্যক্রমে সহায়তার জন্য হেডফোন কেনা হবে।
অভিভাবক/অভিভাবিকার দায়িত্ব কী?	শিক্ষার্থীদের কাছে মনোযোগ-বিচ্যুতি-মুক্ত বিদ্যালয় প্রাপ্ত পরিকল্পনা অনুসরণের গুরুত্ব তুলে ধরার জন্য অভিভাবক/অভিভাবিকাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে। একটি শিক্ষণ সম্প্রদায় হিসেবে, এই পরিকল্পনা সফলভাবে বাস্তবায়নের জন্য বিদ্যালয় ও পরিবারের মধ্যে সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
এই পরিকল্পনাটি কারা তৈরি করেছেন?	এই পরিকল্পনা প্রণয়নের জন্য বিভিন্ন পর্যায়ে অংশীজনদের সঙ্গে যুক্ত হওয়ার একাধিক সুযোগ ছিল। স্কুল সুপারিনটেনডেন্ট ড. জিনেস্ট্রে প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে নেতৃত্বভিত্তিক মধ্যাহ্নভোজ সভা আয়োজন করেন। এসব সভার সময়, পরিকল্পনা প্রণয়নের সহায়তায় শিক্ষার্থীদের মতামত সংগ্রহ করা হয়। শিক্ষার্থীদের নেতৃত্বমূলক এই আলোচনাসভাগুলো ছিল: ১০ মার্চ ২০২৫: ম্যাপলমিয়ার (Maplemere) ১১ মার্চ ২০২৫: হেরিটেজ হাইটস (Heritage Heights) ১৭ মার্চ ২০২৫: উইলো রিজ (Willow Ridge) ২৭ মার্চ ২০২৫: গ্লেনডেইল (Glendale) ২ এপ্রিল ২০২৫: উচ্চ বিদ্যালয় (High School) ২৮ এপ্রিল ২০২৫: মাধ্যমিক বিদ্যালয় (Middle School)

	একটি মূল অংশীজন কমিটি গঠন করা হয়, যার সদস্যরা ছিলেন নিম্নলিখিত ব্যক্তিবর্গ: ৮ জন সুইট হোম এজুকেটরস অ্যাসোসিয়েশন (SHEA)-এর শিক্ষক, পরামর্শদাতা, এবং TOSA : ৫০% ৩ জন অভিভাবক/অভিভাবিকা: ১৯% ৪ জন প্রশাসনিক কর্মকর্তা: ২৫% ১ জন শিক্ষা বোর্ডের সদস্য: ৬% মোট: ১৬ জন কমিটি সদস্য। এই দলটি ২০২৫ সালের ৩ মার্চ, ৩ এপ্রিল, ১ মে, ৪ জুন এবং ৯ জুন তারিখে সভা করেছে। কমিটির সদস্যরা শিক্ষার্থীদের সঙ্গে পরিকল্পনার পর্যালোচনায় অংশগ্রহণ করেন এবং মতামত সংগ্রহ করেন। জেলায় বিভিন্ন বিদ্যালয় থেকে মোট ১৭৪ জন শিক্ষার্থী এই প্রক্রিয়ায় যুক্ত ছিল।
যোগাযোগ পরিকল্পনা কী?	এই পরিকল্পনাটি উপস্থাপনের জন্য নির্ধারিত রয়েছে একটি টাউন-হল সভায় (২৪ জুন ২০২৫) এবং শিক্ষা বোর্ডের সভায় (১৭ জুন ২০২৫)। ১৭ জুনের পর, পরিকল্পনাটি জেলা ওয়েবসাইটে জনমত গ্রহণের উদ্দেশ্যে প্রকাশ করা হবে, এবং তা আগস্ট মাসে বোর্ড সভায় অনুমোদনের জন্য ভোটে উপস্থাপন করা হবে। বোর্ড কর্তৃক অনুমোদিত হলে, পরিকল্পনাটি জেলা আচরণবিধিতে যুক্ত করা হবে। একটি বিস্তারিত যোগাযোগ পরিকল্পনা গ্রীষ্মকালীন সময়ে সংযুক্তি রক্ষায় সহায়তা করবে এবং নীতিমালার প্রয়োগে সামঞ্জস্য বজায় রাখতে সাহায্য করবে।